TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
*Social movement against corruption*

## সংবাদ বিজ্ঞপ্তি

## ঢাবি সাংবাদিকতা বিভাগ ও টিআইবি'র উদ্যোগে
## কুমিল্লা বার্ডে অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ শুরু

**ঢাকা ও কুমিল্লা, ২৯ মার্চ ২০১০, সোমবারঃ** গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর যৌথ উদ্যোগে তিনদিনব্যাপী দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ আজ কুমিল্লা বার্ডে শুরু হয়েছে। চট্টগ্রাম বিভাগের প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় কর্মরত ২২ জন সাংবাাদিক এতে অংশগ্রহণ করছেন।

অনুসন্ধানী সাংবাদিকতায় পেশাদারী উৎকর্ষ সাধন ও দুর্নীতি বিষয়ে গণমাধ্যম কর্মীদের প্রতিবেদন রচনায় উৎসাহিত করা এবং দক্ষতা বাড়ানোর লক্ষ্যে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ প্রশিক্ষণ প্রদান করছেন।

আজ প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, সচেতন নাগরিক কমিটি (সনাক) কুমিল্লা -এর আহ্বায়ক বদরুল হুদা জেনু , গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক রোবায়েত ফেরদৌস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন একই বিভাগের প্রভাষক সাইফুল ইসলাম চৌধুরী ও সাইফুল হক এবং টিআইবি'র কর্মকর্তাবৃন্দ ও সনাক সদস্যরা।

গণমাধ্যম যোগাযোগঃ

**এস. এম. রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইলঃ ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org